# ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
# DHAKA POWER DISTRIBUTION COMPANY LTD
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

## Corrigendum Notice

**This is to inform all concerned that the following corrections in the Request for Expression of interest vide this office Memo No. DPDC/XEN(DPN)/GIS/2015/001, Date: 07/09/2015, for "Consulting Firm for Consultancy Services for GIS (Geographical Information System) Based Distribution Network System and Preparation of a 20 years Distribution System Master Plan for DPDC"**

| Sl. No. | Description of Item | Information | |
|---|---|---|---|
| | | As advertised earlier | Corrections being made |
| 11. | Other Details | 3. The Expression of Interest (EOI) shall be submitted in 4 (Four) sets (One Original & Three Copies) on or before the specified date and lime to the office of the undersigned. The proposals /Applications will be opened on Dale: 22/10/2015, Time: 15:00 hours Bangladesh Local Time in presence of the representatives of the EOI Applicant (If any). The Expression of Interest shall be submitted in sealed envelope and clearly marked with name of the assignment to the office of the Inviting official | 3. The Expression of Interest (EOI) shall be submitted in 4 (Four) sets (One Original & Three Copies) on or before the specified date and time to the office of the Chief Engineer (Development), DPDC, House No.-47, Road No.-l35, Gulshan-1, Dhaka-1212, Bangladesh. The proposals/Applications will be opened on Date: 22/10/2015, Time: 16:00 hours Bangladesh Local Time in presence of the representatives of the EOI Applicant (If any). The Expression of Interest shall be submitted in sealed envelope and clearly marked with name of the assignment to the office of the Chief Engineer (Development), DPDC, House No.-47, Road No.-l35, Gulshan-1, Dhaka-1212, Bangladesh. |

**All others terms and conditions will be remain unchanged.**

**Engr. Swpan Kumar Bhowmik**, Project Director

---

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন
সমাজকল্যাণ মন্ত্রণালয়
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

স্মারক নং-৪১.০২.০০০০.০১১.০৭১.৭১.২০১৫-২২৬৬

০৭ আশ্বিন ১৪২২
২২ সেপ্টেম্বর ২০১৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন Promotion of Services and Opportunities to the Disabled Persons in Bangladesh শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র নিম্নোক্ত পদসমূহে প্রকল্পের মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগ নেওয়ার জন্য আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রকল্প সমাপ্তিতে নিয়োগপ্রাপ্তগণ স্বয়ংক্রিয়ভাবে চাকুরী থেকে অব্যাহতি প্রাপ্ত হবেন। প্রতিটি পদের পার্শ্বে বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যাদি উল্লেখ করা হলোঃ

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | | মাসিক বেতন ভাতা (সাকুল্য) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| | | সাধারণ কোটায় | মুক্তিযোদ্ধা কোটায় | | |
| ১. | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা | ০২ | ০ | ১৭,৫০০/- | অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান অনুষদের যে কোন বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না। |
| ২. | ক্লিনিক্যাল ফিজিওথেরাপিস্ট | ০৭ | ১১ | ১২,৩০০/- | সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ফিজিওথেরাপি বিষয়ে স্নাতক ডিগ্রি। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না। |
| ৩. | ক্লিনিক্যাল অকুপেশনাল থেরাপিস্ট | ৩১ | ১৫ | ১২,৩০০/- | অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে অকুপেশনাল থেরাপিস্ট বিষয়ে স্নাতক ডিগ্রি। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না। |
| ৪. | ক্লিনিক্যাল স্পিচ এন্ড লেঙ্গুয়েজ থেরাপিস্ট | ৩১ | ১৫ | ১২,৩০০/- | অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্পিচ এন্ড লেঙ্গুয়েজ থেরাপি বিষয়ে স্নাতক ডিগ্রি। তবে যে সকল প্রার্থী ইন্টার্নীশীপ অবস্থায় আছেন তাঁরা মূল সনদপত্র পরবর্তীতে দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবেন। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না। |
| ৫. | থেরাপি সহকারী | ০ | ১৯ | ৮,৮৫০/- | বিজ্ঞান বিভাগসহ ন্যূনতম ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি অথবা সমমান। |
| ৬. | টেকনিশিয়ান-২ | ০ | ০৪ | ৮,৮৫০/- | বিজ্ঞান বিভাগে এইচএসসি/সমমান পাস। অপটোমেট্রি বিষয়ে ডিপ্লোমা/সার্টিফিকেট কোর্সধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য হবে না। |

**শর্তাবলীঃ**

০১. পদের নাম, প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, নিজ জেলা, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, ফোন/মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করে আবেদন করতে হবে।

০২. আবেদনপত্রের সাথে প্রার্থীর নিজের নাম ও বর্তমান ঠিকানা সম্বলিত ৬ (ছয়) টাকার অব্যবহৃত স্ট্যাম্পযুক্ত একটি ৯"x৪" সাইজের ফেরত খাম, পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিক সনদ, ১ম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ এবং শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সকল সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে জমা দিতে হবে।

০৩. ০১/০৯/২০১৫ইং তারিখ প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। প্রতিবন্ধী/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানগণের জন্য ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪. মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান প্রমাণের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানের নিকট থেকে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান হিসেবে প্রত্যায়নপত্র সাথে দাখিল করতে হবে।

০৫. শূন্য পদ পুরণের কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণসহ নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৬. আবেদনপত্র ১৫/১০/২০১৫ইং তারিখ বিকাল ৫.০০টার মধ্যে প্রকল্প পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-তে পৌছাতে হবে। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে।

০৭. সরকারি, আধাসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৮. মৌখিক পরীক্ষার সময় সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৯. নিয়োগের ব্যাপারে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে কিংবা সকল আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় ডাকতে বাধ্য থাকবে না।

১১. কর্তৃপক্ষ যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১২. নির্বাচিত প্রার্থীকে প্রকল্প বাস্তবায়ন এলাকা অথবা কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী বাংলাদেশের যে কোন এলাকায় কাজ করতে হবে।

১৩. ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং অন্যান্য পদের জন্য ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য পোস্টাল অর্ডার, প্রকল্প পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন বরাবর প্রদান করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়।

১৪. দৃষ্টি প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদান করা হবে।

১৫. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

১৬. নিয়োগকারী কর্তৃপক্ষ পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ড. মোঃ আনোয়ার উল্যাহ্ এফ,সি,এম,এ
(যুগ্ম সচিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ)

জিডি-৩১৬২

---

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
সালনা, গাজীপুর-১৭০৬
ফোনঃ পিএবিএক্সঃ ০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্সঃ ৯২০৫৩৩৩, ওয়েবঃ www.bsmrau.edu.bd

স্মারক নং-বশেমুরকৃবি/ডিন (এজি-২৪.১)/২০১৪/৩৪১২ তারিখ ঃ ০৪-১০-২০১৫ইং

## বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি) এবং ডিভিএম প্রোগ্রামে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশের ১৩তম সরকারী বিশ্ববিদ্যালয় হিসাবে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি, ফিশারিজ, ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স ও কৃষি অর্থনীতি এবং গ্রামীণ উন্নয়ন অনুষদে সামার ২০১৬ টার্মে কোর্স ক্রেডিট পদ্ধতিতে ৪ (চার) বছর মেয়াদী বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি) এবং ৫ (পাঁচ) বছর মেয়াদী ডিভিএম প্রোগ্রামে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিকট হইতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন কেবলমাত্র অনলাইনে আহবান করা যাইতেছে।

**১. ভর্তির জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা ঃ**

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

খ) বিজ্ঞান গ্রুপে ২০১২ বা ২০১৩ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

গ) ২০১৪ বা ২০১৫ সালে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (HSC) অথবা সমমানের পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, জীববিজ্ঞান এবং ইংরেজি বিষয়ে প্রত্যেকটিতে কমপক্ষে "B" গ্রেড থাকিতে হইবে।

ঘ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) অথবা সমমানের এবং উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (HSC) বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) জিপিএসহ উভয় পরীক্ষার জিপিএ'র যোগফল ৭.৫০ (সাত দশমিক পাঁচ শূন্য) থাকিতে হইবে।

ঙ) "O" লেভেল এবং "A" লেভেল পাশ প্রার্থীদের ক্ষেত্রে "O" লেভেল পরীক্ষার চারটি পেপারে প্রত্যেকটিতে কমপক্ষে " B" গ্রেড থাকিতে হইবে এবং "A" লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, জীববিজ্ঞান ও ইংরেজি প্রত্যেকটিতে কমপক্ষে " B" গ্রেড থাকিতে হইবে।

**২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী**

(ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন এর ফরম কেবলমাত্র অনলাইনে পুরণ করা যাইবে এবং আবেদন ফি ডাচবাংলা ব্যাংক লিমিটেড (DBBL) এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

(খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.bsmrau.edu.bd) গিয়া অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পুরণ করা হইলে তখনই প্রার্থীকে একটি (PIN) পিন নম্বর দেওয়া হইবে। পিন নম্বরটি গুরুত্বপূর্ণ বিধায় প্রার্থীকে যথাযথভাবে তাহা সংরক্ষণ করিতে হইবে।

(গ) ডাচবাংলা ব্যাংক লিমিটেড (DBBL)-এর যে কোন মোবাইল ব্যাংকিং **একাউন্ট** বা এজেন্ট পয়েন্টের মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের Biller ID 375 নং এ ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫০০ (পাঁচ শত) টাকা জমা দিতে হইবে। উল্লেখ্য যে, Payment System এ যখন Bill Number প্রদান করিতে বলিবে, তখন (PIN) পিন-টিকেই Bill Number হিসাবে ব্যবহার করিতে হইবে। ফি প্রদানের আরো বিস্তারিত নিয়মাবলী Flow-chart আকারে ওয়েবসাইটে (www.bsmrau.edu.bd) পাওয়া যাইবে।

(ঘ) কোটায় আবেদনকারীদের আবেদন ফরমে নির্ধারিত কোটা সিলেক্ট করিতে হইবে। কোটায় আবেদনকারী প্রার্থীদেরকে নিম্নলিখিত রেকর্ডপত্রের স্ক্যান কপি ওয়েবসাইটে (www.bsmrau.edu.bd) আপলোড করিতে হইবে। অন্যথায় তাহাদের আবেদন কোটায় ভর্তির জন্য বিবেচিত হইবে না।

i) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

ii) উপজাতি অথবা আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধানের সনদপত্র অথবা স্ব-স্ব- জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত মূল প্রত্যয়নপত্র।

**৩. অনলাইনে আবেদন করিবার জন্য পূর্বের প্রস্তুতিসমূহ**

ক) এক কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবির সফট কপি (JPG Format)।

খ) অনুষদ সমূহের অপশন/চয়েস প্রদানের ক্রম নির্ধারণ (প্রয়োজনে অভিভাবক/অভিজ্ঞ কারো সহিত আলোচনা করা উচিত)

গ) কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে ২নং (ঘ)-এ উল্লেখিত কাগজপত্রের স্ক্যান করা কপি।

**৪. প্রবেশপত্র ডাউনলোড**

প্রার্থীরা ১৫/১২/২০১৫ তারিখ থেকে ২৪/১২/২০১৫ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করিতে পারিবে। উল্লেখ্য যে, উক্ত সময়ের পরে প্রবেশপত্র ডাউনলোড করিবার সিস্টেম বন্ধ থাকিবে। প্রবেশপত্র ডাইনলোড করিতে www.bsmrau.edu.bd তে গিয়া প্রথমে নিজ নিজ HSC Board, Roll Number, Registration Number এবং PIN ইনপুট দিতে হইবে। প্রবেশপত্র ডাউনলোড করিয়া A4 সাইজ কাগজে প্রিন্ট করিয়া নিতে হইবে এবং Student`s Signature এর উপরে আবেদনকারীকে স্বাক্ষর করিয়া পরীক্ষার দিন প্রবেশপত্রটি সঙ্গে নিয়া আসিতে হইবে। প্রবেশপত্র ব্যতীত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না। প্রবেশপত্র ডাউনলোড করিতে কোন অসুবিধা হইলে qakhaliq@bsmrau.edu.bd ঠিকানায় ই-মেইল বা ০১৫৫২৩২৫৩০৫ নম্বরে ফোন করিতে হইবে।

**৫. লিখিত নির্বাচনী পরীক্ষা**

ক) ভর্তি পরীক্ষার আসন বিন্যাস (সিট প্ল্যান) ২০ ডিসেম্বর ২০১৫ এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রকাশ করা হইবে।

খ) সকল অনুষদের জন্য কেন্দ্রীয়ভাবে ১০০ নম্বরের লিখিত নির্বাচনী পরীক্ষা আগামি ২৬ ডিসেম্বর ২০১৫ শনিবার বেলা ১১:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হইবে।

গ) উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যক্রম অনুসরণে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও জীববিদ্যা, ইংরেজি ও সাধারণ জ্ঞান বিষয়ে Multiple Choice Questions (MCQ) পদ্ধতিতে লিখিত ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণীত হইবে।

ঘ) পৃথক নির্দিষ্ট উত্তরপত্রে প্রশ্নের উত্তর দিতে হইবে, যাহা অপটিক্যাল মার্ক রিডার (OMR) দ্বারা মূল্যায়ন করা হইবে।

ঙ) লিখিত নির্বাচনী পরীক্ষায় নেগেটিভ মার্ক থাকিবে না।

চ) লিখিত নির্বাচনী পরীক্ষার ন্যূনতম পাশ মার্ক ৪০%।

**৬. MCQ পদ্ধতিতে প্রশ্নের উত্তর প্রদান সম্পর্কিত নির্দেশাবলি**

ক) ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র Multiple Choice Questions (MCQ) পদ্ধতিতে প্রণীত হইবে। প্রত্যেক পরীক্ষার্থীকে এক সেট ছাপানো প্রশ্নপত্র এবং পৃথক একটি বিশেষ উত্তরপত্র সরবরাহ করা হইবে।

খ) কোন অবস্থাতেই একাধিক উত্তরপত্র সরবরাহ করা হইবে না।

গ) প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকিবে। প্রতিটি প্রশ্নের নীচে একটি সঠিক উত্তরসহ চারটি সম্ভাব্য উত্তর থাকিবে। পরীক্ষার্থীকে সঠিক উত্তরটি সনাক্ত করিয়া উত্তরপত্রে সেই উত্তরটির জন্য প্রদত্ত বৃত্ত কালো কালির বলপেন দ্বারা সম্পূর্ণভাবে ভরাট করিয়া দিতে হইবে।

ঘ) পরীক্ষার সময়কাল এক ঘন্টা।

ঙ) পরীক্ষা শেষে প্রশ্নপত্র ও উত্তরপত্র হল পরিদর্শকের নিকট অবশ্যই ফেরত দিতে হইবে।

চ) উত্তরপত্রে নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করা ছাড়া এবং নির্দেশিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে কোন কিছু লেখা সম্পূর্ণ নিষিদ্ধ। বৃত্ত ভরাট করিবার সময় খেয়াল রাখিতে হইবে যে, বৃত্তটি যেন সম্পূর্ণভাবে কালো বলপেন দ্বারা ভরাট হয় এবং বৃত্তের বাইরে কোন দাগ না পড়ে। অবাঞ্ছিত দাগ উত্তরপত্রকে কম্পিউটার নিয়ন্ত্রিত অপটিক্যাল মার্ক রিডার (OMR) মেশিনে পাঠের অযোগ্য হইতে পারে। তাই উত্তরপত্রটি সযত্নে ব্যবহার করিতে হইবে এবং কিছুতেই তা ভাঁজ করা, মোড়ানো বা অন্য কোনভাবে বিকৃত করা যাইবে না।

ছ) উত্তরপত্রের নির্ধারিত স্থানে নাম, রোল নম্বর,অনুষদের পছন্দক্রম ও স্বাক্ষর ইত্যাদি কালো কালির বলপেন দিয়া লিখিতে হইবে।

জ) পরীক্ষার্থীকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন সঙ্গে আনিতে হইবে এবং প্রয়োজনবোধে সায়েন্টিফিক ক্যালকুলেটর সঙ্গে আনিতে পারিবে। কোন অবস্থাতেই পরীক্ষার হলে মোবাইল ফোন সঙ্গে রাখা যাইবে না।

ঝ) উত্তরপত্রে পরীক্ষার্থীর রোল নম্বর এবং প্রশ্নের সেট সংকেত 'ক' বা 'খ' কালো কালির বলপেন দিয়া নিজ হাতে পূরণ/ভরাট করিতে হইবে।

**৭. মেধাস্কোর**

ক) মোট ২০০ নম্বরের ভিত্তিতে মেধাস্কোর নিরূপণ করা হইবে। লিখিত নির্বাচনী পরীক্ষার জন্য ১০০ নম্বর এবং বাকি ১০০ নম্বরের জন্য এসএসসি/সমমান পরীক্ষার ফলাফল হইতে ৪০ নম্বর এবং এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফল হইতে ৬০ নম্বর ধরা হইবে।

খ) সাধারণ ও সংরক্ষিত আসনের প্রার্থীদের জন্য একই পদ্ধতিতে নিরূপিত মেধাক্রম অনুযায়ী পৃথক পৃথকভাবে চূড়ান্ত ও অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হইবে।

**৮. ভর্তি আইন**

ভর্তি কমিটি বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনবোধে ভর্তি সংক্রান্ত যে কোন আইন সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার ক্ষমতা রাখে।

**৯. ভর্তি সংক্রান্ত যোগাযোগ**

**প্রফেসর ড. কাজী আবদুল খালিক**
ডিন, কৃষি অনুষদ
ও সদস্য সচিব, ভর্তি পরীক্ষা কমিটি ২০১৬
ফোন নং ৯২০৫৩৩৪, qakhaliq@bsmrau.edu.bd

**মোঃ শফিকুল ইসলাম খান**
উপ-রেজিস্ট্রার, কৃষি অনুষদ
মোবাইল নং ০১৫৫২৩২৫৩০৫

**১০. ভর্তির জন্য নির্বাচনী পরীক্ষা**

ক) নিম্নোক্ত বিষয়সমূহে ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

| ক্রমিক নং | বিষয়ের নাম | মোট নম্বর |
|---|---|---|
| ১. | জীববিজ্ঞান | ২০ |
| ২. | রসায়ন | ২০ |
| ৩. | পদার্থ বিজ্ঞান | ২০ |
| ৪. | গণিত | ১৫ |
| ৫. | ইংরেজি | ১৫ |
| ৬. | সাধারণ জ্ঞান | ১০ |
| | মোট= | ১০০ |

খ) লিখিত পরীক্ষা আগামি **২৬/১২/২০১৫** খ্রীস্টাব্দ সকাল ১১-০০ টায় বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অনুষ্ঠিত হইবে। বর্ণিত সময়সূচির কোন পরিবর্তন হইলে তা যথাসময়ে SMS এর মাধ্যমে জানানো হইবে।

১১. ভর্তির আসন সংখ্যা

| | |
|---|---|
| **ক) কৃষি অনুষদ** | **১১০ জন** |
| **খ) ফিশারিজ অনুষদ** | **৬০ জন** |
| **গ) ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ** | **৬০ জন** |
| **ঘ) কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ** | **৮০ জন** |
| | **মোট= ৩১০ জন** |

**১২. গুরুত্বপূর্ণ তথ্যাবলী**

| | |
|---|---|
| পত্রিকা / মিডিয়ায় ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | ০৫/১০/২০১৫ তারিখ, রোজ সোমবার। |
| **অনলাইনের** মাধ্যমে আবেদন গ্রহনের শুরুর তারিখ | **১০/১০/২০১৫** তারিখ, রোজ শনিবার। |
| **অনলাইনের** মাধ্যমে আবেদন গ্রহণের শেষ তারিখ | **১০/১২/২০১৫** তারিখ, রোজ বৃহস্পতিবার, রাত ১২ঃ০০ টা পর্যন্ত। |
| ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীর তালিকা প্রকাশ | **১৫/১২/২০১৫ তারিখ, রোজ মঙ্গলবার।** |
| ভর্তি পরীক্ষার আসন বিন্যাস (সিট প্ল্যান) প্রকাশ | **২০/১২/২০১৫ তারিখ, রোজ রবিবার।** |
| ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | **২৬/১২/ ২০১৫** তারিখ, রোজ শনিবার, সকাল ১১ঃ ০০ ঘটিকা হইতে দুপুর ১২ঃ০০ ঘটিকা পর্যন্ত। |
| ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ | **২৬/১২/ ২০১৫** তারিখ, রোজ শনিবার, সন্ধ্যা ৬ঃ০০ ঘটিকা। |
| মেধা তালিকা হইতে ভর্তি | **১৪/০১/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার সকাল ১০ঃ ০০ ঘটিকা হইতে বিকাল ০৫ঃ০০ ঘটিকা পর্যন্ত। |
| মেধা তালিকা হইতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনুষদ মাইগ্রেশনের আবেদনপত্র গ্রহণ | **১৪/০১/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার, সকাল ১০ঃ ০০ ঘটিকা হইতে বিকাল ০৫ঃ০০ ঘটিকা পর্যন্ত। |
| মেধা তালিকা হইতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনুষদ মাইগ্রেশনের ফলাফল প্রকাশ | **২১/০১/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার, বিকাল ০৫ঃ০০ ঘটিকা। |
| প্রথম অপেক্ষমান তালিকা হইতে মেধাক্রম অনুসারে প্রার্থী নির্বাচন (আসন শূন্য থাকা সাপেক্ষে) | **২৮/০১/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার, সকাল ১০ঃ০০ ঘটিকা হইতে বিকাল ০৩ঃ০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হইয়া অবশ্যই রিপোর্ট করিতে হইবে। তবে উক্ত সময়ের মধ্যে রিপোর্ট করিতে ব্যর্থ হইলে ধরিয়া নেওয়া হইবে প্রার্থী ভর্তি হইতে ইচ্ছুক নয়। নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ বিকাল ০৫ঃ০০ ঘটিকা। |
| প্রথম অপেক্ষমান তালিকা হইতে মেধাক্রম অনুসারে নির্বাচিত প্রার্থীদের ভর্তি (আসন শূন্য থাকা সাপেক্ষে) | **০৪/০২/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার, সকাল ১০ঃ০০ ঘটিকা হইতে বিকাল ০৫ঃ০০ ঘটিকা পর্যন্ত। |
| প্রথম অপেক্ষমান তালিকা হইতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনুষদ মাইগ্রেশনের আবেদনপত্র গ্রহণ | **০৪/০২/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার, সকাল ১০ঃ০০ ঘটিকা হইতে বিকাল ০৫ঃ০০ ঘটিকা পর্যন্ত। |
| প্রথম অপেক্ষমান তালিকা হইতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অনুষদ মাইগ্রেশনের ফলাফল প্রকাশ | **১১/০২/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার, বিকাল ০৫ঃ০০ ঘটিকা। |
| দ্বিতীয় অপেক্ষমান তালিকা হইতে মেধাক্রম অনুসারে প্রার্থী নির্বাচন (আসন শূন্য থাকা সাপেক্ষে) | **১৮/০২/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার, সকাল ১০ঃ০০ ঘটিকা হইতে বিকাল ০৩ঃ০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হইয়া অবশ্যই রিপোর্ট করিতে হইবে। তবে উক্ত সময়ের মধ্যে রিপোর্ট করিতে ব্যর্থ হইলে ধরিয়া নেওয়া হইবে প্রার্থী ভর্তি হইতে ইচ্ছুক নয়। নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ বিকাল ০৫ঃ০০ ঘটিকা। |
| দ্বিতীয় অপেক্ষমান তালিকা হইতে ভর্তি (আসন শূন্য থাকা সাপেক্ষে) | **২৫/০২/২০১৬** তারিখ, রোজ বৃহস্পতিবার, সকাল ১০ঃ০০ ঘটিকা হইতে বিকাল ০৫ঃ০০ ঘটিকা পর্যন্ত। |

**১৩. ভর্তির সময় নিম্নোক্ত কাগজ জমা দিতে হইবে**

ক) শিক্ষাবোর্ড হইতে প্রাপ্ত SSC ও HSC বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও উহার সত্যায়িত অনুলিপি।

খ) উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি।

গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত রঙিন ছবি।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এবং উপজাতি/আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্রের মূল কপি ও সত্যায়িত অনুলিপি।

ঙ) মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটায় ভর্তির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের প্রমানপত্র।

**১৪. লক্ষনীয় বিষয়**

ক) কেবলমাত্র অনলাইনে আবেদন করা যাইবে।

খ) দিনের বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনেও আবেদন করা যাইবে।

গ) একবার অনলাইনে আবেদন করিলে তাহা প্রত্যাহার করা যাইবে না।

ঙ) **এসএসসি ও এইচএসসি পরীক্ষার মোট GPA-এর ভিত্তিতে মেধাক্রমানুসারে আসন সংখ্যার সর্বোচ্চ ১৫ (পনের) গুণ অর্থাৎ ৪৬৫০ (চার হাজার ছয়শত পঞ্চাশ) জন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হইবে।**

চ) কেবলমাত্র ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণে সুযোগপ্রাপ্ত ছাত্র-ছাত্রী প্রবেশপত্র ডাউনলোড করিতে পারিবে।

ছ) নির্ধারিত তারিখ ও সময়ের পর ভর্তির কোন আবেদন গ্রহণ করা হইবে না।

জ) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাদের পুত্র-কন্যা, উপজাতি বা আদিবাসী কোটায় ভর্তির জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক আসন সংখ্যা সংরক্ষিত থাকিবে।

ঞ) ভর্তি সংক্রান্ত ব্যাপারে প্রার্থীকে কোন প্রকার যাতায়াত ভাতা দেওয়া হইবে না।

ট) কর্তৃপক্ষ কর্তৃক অবগত হওয়া মাত্রই ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য অথবা মিথ্যা তথ্য সরবরাহকারীর ভর্তি বাতিল হইয়া যাইবে।

**প্রফেসর ড. কাজী আবদুল খালিক**
ডিন, কৃষি অনুষদ
ও
সদস্য-সচিব
ভর্তি কমিটি, বশেমুরকৃবি
ফোনঃ ৯২০৫৩৩৪

জিডি-৩১৭১